দৈনিক ইত্তেফাক

তারিখ 01 MAR 2015
পৃষ্ঠা ১ কলাম ২

# কোন আইনে ইংরেজিতে বিজ্ঞাপন জানতে চেয়েছে হাইকোর্ট

■ ইত্তেফাক রিপোর্ট

ইলেকট্রনিক মিডিয়ায় বিদেশে নির্মিত বিজ্ঞাপন, চিত্র-প্রজ্ঞাপন, বিদেশি উচ্চারণে বাংলা ভাষায় প্রচারে কোনো আইন থাকলে তা আদালতের কাছে উপস্থাপন করতে বলেছে হাইকোর্ট। আদালত মনে করে, যেসব ক্ষেত্রে ইংরেজির ব্যবহার প্রয়োজনীয়তা রয়েছে সেসব ক্ষেত্রে বাংলা ব্যবহারের পাশাপাশি সীমিত পরিসরে শুধু প্রয়োজনীয়তার লক্ষ্যে ব্যবহার করা যাবে। গতকাল বৃহস্পতিবার বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেয়। মন্ত্রিপরিষদ সচিব ও তথ্য সচিবকে এ বিষয়ে জবাব দিতে ২৭ মে পরবর্তী দিন ধার্য করেছে আদালত।

আদেশে বলা হয়, ইলেকট্রনিক মিডিয়াতে বিদেশ হতে নির্মিত বিজ্ঞাপন চিত্র, প্রজ্ঞাপন বিদেশি উচ্চারণে বাংলা ভাষায় প্রচার হচ্ছে। এক্ষেত্রে কোনো আইন থাকলে তা আদালতের কাছে উপস্থাপন করে মন্ত্রিপরিষদ সচিব ও তথ্য সচিবকে জবাব দিতে বলা হলো।

আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস। আদেশের পর তাপস কুমার বিশ্বাস বলেন, আদেশ বাস্তবায়নে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে এর আগে মন্ত্রিপরিষদ, সচিব ও তথ্য সচিবের পক্ষ থেকে প্রতিবেদন দেয়া হয়। আদেশ বাস্তবায়নের সর্বশেষ অবস্থা জানিয়ে ২৭ মের মধ্যে মন্ত্রিপরিষদ সচিব ও তথ্য সচিবকে একটি প্রতিবেদন দিতে বলা হয়েছে।